



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।

www.dinajpureducationboard.gov.bd

স্মারক নং : দিশিবো/পনি/মাধ্য-পরী/২০১২/৭৪(২৫০)

তারিখ : ০৬/০২/২০১২

বিষয় : ২০১২ সালের এসএসসি পরীক্ষায় নির্ধারিত শিক্ষাবর্ষ অনুযায়ী প্রযোজ্য সিলেবাসে প্রণীত প্রশ্নে পরীক্ষা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের কোন বিষয়ই সৃজনশীল না হওয়ায় তাদেরকে ২০০৮ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা দিতে হবে। ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বাংলা ১ম পত্র এবং সকল ধর্ম বিষয়ে ২০১১ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত সৃজনশীল প্রশ্নপত্রে পরীক্ষা দিতে হবে। অবশিষ্ট বিষয়সমূহ সৃজনশীল না হওয়ায় ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের (সৃজনশীল না হওয়া বিষয়সমূহে) ২০০৮ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা দিতে হবে। ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বাংলা ১ম পত্র, সকল ধর্ম, সামাজিক বিজ্ঞান, সাধারণ বিজ্ঞান, ভূগোল, ব্যবসায় পরিচিতি ও রসায়ন বিষয়ে ২০১১ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত সৃজনশীল প্রশ্নপত্রে পরীক্ষা দিতে হবে। অবশিষ্ট বিষয়সমূহ সৃজনশীল না হওয়ায় ২০০৯-২০১০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের (সৃজনশীল না হওয়া বিষয়সমূহে) ২০০৮ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা দিতে হবে। ২০১০-২০১১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের নিয়মিত পরীক্ষার্থী হওয়ায় তারা, যে সকল বিষয় সৃজনশীল হয়েছে সে সকল বিষয়ে ২০১২ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা দিতে হবে। এ বিষয়ে ২০১২ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তিতে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। সুতরাং উল্লিখিত নির্দেশনা অনুসরণ করে ২০১২ সালের এসএসসি পরীক্ষার অবশিষ্ট পরীক্ষাসমূহ গ্রহণের কার্যকরী ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

কেন্দ্র সচিব

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০১২।

খ.ম. রফিকুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ০১। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ০২। অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা প্রশাসক।
- ০৩। অত্র বোর্ডের আওতাধীন সকল অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও উন্নয়ন।
- ০৪। অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
- ০৫। পিএস টু চেয়ারম্যান, অত্র শিক্ষা বোর্ড।
- ০৬। অফিস কপি।